অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/26/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তরের ডিরেক্টর নিয়োগ করেছেন

নিউ ইয়র্ক স্টেটে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা প্রতিরোধ করা ও কমিয়ে আনার জন্য গভর্নরের এজেন্ডার অংশ হিসেবে এটি করা হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজ ক্যালিয়ানা এস. থমাসকে নিউ ইয়র্ক স্টেটের আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তর (New York State Office of Gun Violence Prevention)-এর ডিরেক্টর হিসেবে নিয়োগ প্রদানের ঘোষণা দিয়েছেন। নিউ ইয়র্ক স্টেটব্যাপী আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা প্রতিরোধ করা ও কমিয়ে আনার জন্য গভর্নরের কর্মকাণ্ডের অংশ হিসেবে, OGVP নিউ ইয়র্ক স্টেটে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা কমিয়ে আনার জন্য গ্রহণ করা যেতে পারে এমন পদক্ষেপসমূহ শনাক্ত করার উদ্দেশ্যে কমিউনিটি ও আইন প্রয়োগকারী সংস্থার অংশীদারদের চিহ্নিত ও একত্রিত করবে। স্বাস্থ্য বিভাগ (Department of Health)-এর সেন্টার ফর কমিউনিটি হেলথ-এর অভ্যন্তরে অবস্থিত এই OGVP আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার বিদ্যমান ও উদীয়মান হটস্পটগুলোতে প্রচেষ্টার সমন্বয় ঘটানো এবং সংস্থান প্রেরণের জন্য ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services) ও অন্যান্য স্টেট সংস্থার সঙ্গে সহযোগী হয়ে কাজ করবে। মিস. থমাস আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা প্রতিরোধ, প্রকল্প ব্যবস্থাপনা, নেতৃত্ব, ও যুব উন্নয়ন পরিষেবা বিষয়ে কাজ করার সমৃদ্ধ অভিজ্ঞতা নিয়ে এই টিমে যোগ দিচ্ছেন।

"আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার বিরুদ্ধে শক্তিশালী পদক্ষেপ গ্রহণের জন্য বহুমুখী প্রচেষ্টার প্রয়োজন রয়েছে," **বলেছেন গভর্নর হোকল।** "ক্যালিয়ানা এস. থমাস জনগণের একজন নিবেদিত সেবক যিনি এই জনস্বাস্থ্য সংকটের বিরুদ্ধে লড়াই করা, আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার মোকাবেলা করা, এবং নিউ ইয়র্কবাসীদেরকে নিরাপদ রাখার আমাদের প্রচেষ্টায় অতি গুরুত্বপূর্ণ সম্পদ হিসেবে ভূমিকা রাখবেন।"

আজীবন হার্লেমের বাসিন্দা, মিস. থমাসের নিউ ইয়র্ক সিটির এই প্রাণবন্ত কমিউনিটিগুলোর সঙ্গে শেকড়ের সম্পর্ক রয়েছে, তিনি জানেন যে সামগ্রিক, প্রভাবশালী ও ইতিবাচক পরিবর্তন আনার জন্য কমিউনিটির কণ্ঠস্বর জাগিয়ে তোলাই সবচেয়ে সেরা ও একমাত্র উপায়। এই প্রশাসনে যোগদানের আগে, মিস. থমাস উইলিয়াম জুলিয়াস উইলসন ইনস্টিটিউট ফর হার্লেম চিলড্রেন'স জোন (William Julius Wilson Institute for Harlem Children's Zone)-এর অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অব টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্স ছিলেন, যেখানে তিনি জাতীয় পর্যায়ে

ক্র্যাডল-টু-ক্যারিয়ার কর্মসূচি সম্প্রসারণের প্রচেষ্টায় নেতৃত্ব দিয়েছেন। NYC ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (NYC Department of Health and Mental Hygiene)-এর সহিংসতা প্রতিরোধ কর্মসূচির সঙ্গে সাত বছর ধরে কাজ করার সময়কালে, মিস. থমাস পাঁচটি বরোতে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা প্রতিরোধে সহায়তার জন্য কমিউনিটির সদস্য, নেতৃবৃন্দ, ও এলাকাভিত্তিক সংস্থাগুলোর সঙ্গে সহযোগী হয়ে কাজ করার জন্য সরকারি সংস্থাগুলোর মধ্যে সমন্বয় করেছেন। তিনি হার্লেমের মিনিসিঙ্ক টাউনহাউজ (Minisink Townhouse)-এ তার ক্যারিয়ার শুরু করেন, যেখানে তিনি তাদের যুব উন্নয়ন ও ন্যায়বিচার পুনরুদ্ধার বিষয়ক কর্মসূচি ব্যবস্থাপনার দায়িত্ব পালন করতেন।

মিস. থমাস নিউ ইয়র্ক সিটির কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ে (Columbia University) প্রি-মেডিকেল সায়েন্স বিষয়ে পোস্ট-ব্যাকালোরিয়েট প্রোগ্রামে অংশ নিয়েছেন, এবং 2008 সালে জর্জিয়া স্টেট ইউনিভার্সিটি (Georgia State University) থেকে সাইকোলজিতে B.S. ডিগ্রি অর্জন করেছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418